গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা-২(সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় ঃ মহান বিজয় দিবস ২০২২, উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মো: মোস্তফা কামাল
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

সভার তারিখ ঃ ৩০-১০-২০২২
সময় ঃ সকাল ১০.০০ টা
স্থান ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'।

আলোচনা ঃ

সভাপতি সভায় উপস্থিত এবং ভার্চুয়াল মাধ্যমে উপস্থিত সকলকে স্বাগত করে সভা শুরু করেন। সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জাতীয় চার নেতাসহ ১৫ আগস্ট ১৯৭৫ এ জাতির পিতার পরিবারের শহীদ সদস্যগণসহ সকল শহীদের এবং মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, মহান মুক্তিযুদ্ধ আমাদের জাতির ইতিহাসে এক অন্তহীন প্রেরণার উৎস। আর মহান বিজয় দিবস সেই ইতিহাসের এক গৌরব দীপ্ত দিন। এ গৌরবের স্মৃতিবাহী দিনটি উদযাপনে তিনি সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। এরপর তাঁর আহ্বানে যুগ্মসচিব (প্রশাসন) মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত জাতীয় কর্মসূচি সভায় উপস্থাপন করেন। এরপর সভাস্থলে উপস্থিত ও অনলাইনে যুক্ত সকলের মতামতের পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্র.নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | জাতীয় পতাকা উত্তোলন ও আলোক সজ্জাকরণ | নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থার ভবনে জাতীয় পতাকা উত্তোলন এবং গুরুত্বপূর্ণ (১৫-১৬ ডিসেম্বর) ভবন/স্থাপনাসমূহ আলোকসজ্জা দ্বারা সজ্জিত করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২. | জাতীয় প্যারেড স্কোয়ারে কুচকাওয়াজ অনুষ্ঠানে যান্ত্রিক বহরে অংশগ্রহণ | (ক) বিজয় দিবস উপলক্ষ্যে জাতীয় প্যারেড স্কোয়ারে অনুষ্ঠিতব্য কুচকাওয়াজ অনুষ্ঠানের যান্ত্রিক বহরে বিভিন্ন পোস্টার, ব্যানার ইত্যাদির মাধ্যমে মন্ত্রণালয়ের উন্নয়নমূলক কার্যক্রম আকর্ষণীয়/মনোমুগ্ধকরভাবে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) যান্ত্রিক বহরে গাড়ির ধরণ/ধারণা, সজ্জিতকরণ, বিষয় নির্বাচন ইত্যাদি নির্ধারণ ও তত্ত্বাবধান করার জন্য কমিটি গঠন করা হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| ৩. | আলোচনা সভা | (ক) জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার'' শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়াম আয়োজন করবে।<br>(খ) নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক মহান বিজয় দিবস উপলক্ষ্যে ১৬ থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে একটি আলোচনা সভার আয়োজন করা হবে। | নৌপরিবহন মন্ত্রণালয়, বিআইডব্লিউটিএ ও অন্যান্য দপ্তর/সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| ৪. | নৌযানসমূহের সাজসজ্জাকরণ এবং জাহাজসমূহ জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা. | চট্টগ্রাম, খুলনা, মোংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা (নারায়নগঞ্জ) ও বরিশাল বিআইডব্লিউটিসি'র ঘাটে বাংলাদেশ নৌবাহিনী ও বাংলাদেশ কোস্ট গার্ডের সমন্বয়ের মাধ্যমে এককভাবে/যৌথভাবে এবং চাঁদপুরে ও মুন্সীগঞ্জ লঞ্চঘাটে বাংলাদেশ কোস্ট গার্ডের জাহাজসমূহ এককভাবে বিকাল ২টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা ও প্রতিটি বন্দরের নিজস্ব অর্জন নিয়ে ২-৩ মিনিটের প্রামান্যচিত্র তুলে ধরা এবং ঢাকা ও দেশের বিভিন্ন শহরে অবস্থিত নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার নৌযানসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সাথে বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি সমন্বয় করবে। | চবক/মোবক/পাবক বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসি |
| ৫. | শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্রীড়া আয়োজন ও বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন | মেরিন একাডেমি ও ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটসহ যেসকল দপ্তর-সংস্থার অধীন স্কুল, কলেজ, মাদরাসা রয়েছে তাদের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (বরিশালে), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজন এবং দপ্তর-সংস্থার অধীন শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পর্যায়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৬. | দোয়া মাহফিল/প্রার্থনা অনুষ্ঠান আয়োজন। | নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা তাদের সুবিধাজনক সময়ে সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কাযক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা ও শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৭. | উন্নতমানের খাবার পরিবেশন | নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন প্রশিক্ষণ কেন্দ্রে/হাসপাতাল/চিকিৎসা কেন্দ্রে উন্নতমানের খাবার সরবরাহ/পরিবেশন এর ব্যবস্থা করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৮. | শিশু পার্ক/ইকো পার্ক উন্মুক্ত রাখা এবং প্রদর্শনী আয়োজন। | দপ্তর-সংস্থা আওতাধীন শিশু পার্কে/ইকো পার্ক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা। | বিআইডব্লিউটিএ |
| ৯. | কর্মকতাদের দায়িত্ব প্রদান/বিভিন্ন দায়িত্ব পালনের জন্য কমিটি গঠন | জাতীয় প্যারেড স্কোয়ারের কার্যক্রম বাস্তবায়ন ও তদারকি; ডিসপ্লের মালামাল সংগ্রহ; ১মিনিটের ধারাভাষ্য (ইংরেজী ও বাংলা) প্রস্তুত, প্রভৃতি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কমিটি গঠন করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় |
| ১০. | জাতীয় পর্যায়ের অনুষ্ঠানে অংশগ্রহণ | মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহ তাদের স্ব-স্ব কর্মসূচির পাশাপাশি জেলা/উপজেলা পর্যায়ে জাতীয় কর্মসূচির মূল অনুষ্ঠানে অংশগ্রহণ করবে ও নিজ নিজ কর্মসূচী সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করবে। | সকল দপ্তর/সংস্থা |

২। সকল দপ্তর/সংস্থা নিজ নিজ কর্মসূচী প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। যে সকল দপ্তর/সংস্থার নিজস্ব ভবন রয়েছে তাদের আলোক সজ্জার তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৩। আসন্ন মহান বিজয় দিবস, ২০২২ প্রতিবারের ন্যায় এবারও যথাযথ মর্যাদা ও গুরুত্বের সাথে উদ্‌যাপন করতে হবে। কেন্দ্রীয় অনুষ্ঠান মালার সাথে সামঞ্জস্য রেখে সকল দপ্তর/সংস্থাকে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

৪। মহান বিজয় দিবসে প্যারেড গ্রাউন্ডে মন্ত্রণালয়ের উন্নয়ন কার্যক্রম যান্ত্রিক বহরে তুলে ধরার জন্য বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত কমিটিসমূহ গঠন করা হলো ঃ

**কেন্দ্রীয় কমিটি:**

(১) বেগম লায়লা জেসমিন, অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপম - আহবায়ক
(২) জনাব এস. এম ফেরদৌস আলম, অতিরিক্ত সচিব (সংস্থা-১), নৌপম - সদস্য
(৫) জনাব সঞ্জয় কুমার বণিক, অতিরিক্ত সচিব (সংস্থা-২), নৌপম - সদস্য
(৬) ড. আ.ন.ম. বজলুর রশীদ, যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট), নৌপম - সদস্য সচিব

কার্যক্রম: যান্ত্রিক বহরে অংশগ্রহণের জন্য নিম্নে গঠিত কমিটিসমূহের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে নিবীড় তদারকি করা ও সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়কে অবহিত করা।

**(৪.১) যান্ত্রিক বহরের গাড়ি নির্বচন ও প্রয়োজনীয় কাগজাদি প্রস্তুতকরণ কমিটি ঃ**

(১) মীর মোহাম্মদ মাহবুবুর রহমান, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয় - আহবায়ক
(২) জনাব মো: নজরুল ইসলাম, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয় - সদস্য
(৩) জনাব মো: আমিনুল ইসলাম, প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ - সদস্য
(৪) জনাব কুতুব-উল- আলম, সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় - সদস্য
(৫) জনাব মো: মহিউদ্দিন, ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় - সদস্য
(৬) জনাব মো: আলাউদ্দিন, সহকারী সচিব - সদস্য সচিব

কার্যক্রম:

(ক) যান্ত্রিক বহরে ব্যবহারের জন্য গাড়ি/ট্রাক/লরি নির্বাচন করা।
(খ) গাড়িসমূহ কারিগরি দিক থেকে উপযুক্ত আছে মর্মে বিআরটিএ কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহ করা।
(গ) ড্রাইভার ও হেলপার এবং বিকল্প ড্রাইভার ও হেলপার এর ছাড়পত্র গ্রহণের বিষয়টি নিশ্চিত করা।
(ঘ) ট্রাকটি প্যারেড গ্রাউন্ডে হস্তান্তর করা।
(ঙ) এসবি পাস সংগ্রহ
(চ) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

**(৪.২) ডিসপ্লে'র থিম নির্ধারণ এবং সে অনুযায়ী যান্ত্রিক বহর সজ্জিতকরণ সংক্রান্ত কমিটি ঃ**

(১) জনাব মো: তোফায়েল ইসলাম, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয় - আহবায়ক
(২) বেগম খালেদা আখতার, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয় - সদস্য
(৩) মোহা: আমিনুর রহমান, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়
(৪) জনাব মো: আবুল বাসার, ইঞ্জিনিয়ার এন্ড শীপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর- সদস্য
(৫) জনাব মোঃ নজরুল ইসলাম মিশা, বিআইডব্লিউটিসি - সদস্য
(৬) জনাব মোঃ মোবারক হোসেন মজুমদার, বিআইডব্লিউটিএ - সদস্য
(৭) জনাব মোঃ মশিউর রহমান, সহকারী পরিচালক, বাস্থবক - সদস্য
(৮) জনাব মো: আল-মামুন, ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় - সদস্য
(৯) এস এম হুমায়ুন কবির সরকার, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয় - সদস্য সচিব

কার্যক্রম:

(ক) সরকারের নির্বাচনী ইশতেহার ও মন্ত্রণালয়ের অর্জনসমূহকে আকর্ষণীয় ও মনোমুগ্ধকরভাবে উপস্থাপনের জন্য ডিসপ্লের থিম নির্ধারণ এবং ধারনা উপস্থাপন ও নির্বাচন।
(খ) যান্ত্রিক বহর সজ্জিতকরণের জন্য প্রতিষ্ঠান নির্ধারণ/নির্বাচন
(গ) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

**(৪.৩) (বাংলা ও ইংরেজি) ধারাভাষ্য প্রস্তুত ও ডিজিটাল উপস্থাপনা সংক্রান্ত কমিটি:**

| | | |
|---|---|---|
| (১) শেখ মো: শরীফ উদ্দিন এনডিসি, যুগ্মসচিব(পরিকল্পনা), নৌপম | - | আহবায়ক |
| (২) মো: সাইফুল ইসলাম, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | - | সদস্য |
| (৩) জনাব মোঃ মোবারক হোসেন মজুমদার, বিআইডব্লিউটিএ | - | সদস্য |
| (৪) জনাব মো: একরাম চৌধুরী, সিস্টেম এনালিস্ট, চবক | - | সদস্য |
| (৫) জনাব সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান, প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় | - | সদস্য সচিব |

কার্যক্রম:

(ক) ধারাভাষ্য তৈরীর জন্য তথ্য সংগ্রহ, প্রস্তুত, উপস্থাপনসহ নিজেদের মধ্যে সমন্বয় করে সার্বিক কার্যক্রম গ্রহণ করবে।
(খ) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

**(৪.৪) দাওয়াতপত্র প্রস্তুত ও বিতরণ কমিটি:**

| | | |
|---|---|---|
| (১) জনাব মো: গোলাম রাব্বী, পিএএ, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | - | আহবায়ক |
| (২) মোছা: জেসমিন আকতার বানু, সিনিয়র সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | - | সদস্য |
| (৩) জনাব মো: জাহাঙ্গীর আলম খান, সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, নৌপম | - | সদস্য |
| (৪) জনাব মো: আল-মামুন, ব্যক্তিগত কর্মকর্তা, নৌপম | - | সদস্য |
| (৫) জনাব মো: আলমগীর কবির, সিনিয়র সহকারী সচিব, নৌপম | - | সদস্য সচিব |

**কার্যক্রম:**

(ক) ১ ডিসেম্বর, ২০২২ তারিখের মধ্যে দাওয়াত কার্ডের ডিজাইন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন নিয়ে ছাপানো ও বিতরণ
(খ) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

**(৪.৫)** জাতীয় প্যারেড স্কোয়ারে যান্ত্রিক বহরে অংশগ্রহণকারী ক্যাডেট, মহিলা ক্যাডেটদের ঢাকায় আবাসন, আসা-যাওয়া ও খাবার ব্যবস্থা করার জন্য বিআইডব্লিউটিএ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে সার্বিক সমন্বয় হিসেবে দায়িত্ব পালন করবেন মোসা: শুকরিয়া পারভীন, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

(৪.৬) যুগ্মসচিব(প্রশাসন) যান্ত্রিক বহরের বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

৫। সভার আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
তাং ৩০/১০/২০১১
মো: মোস্তফা কামাল
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নং-১৮.০০.০০০০.০৪৩.২৩.০০২.২২-৫৬৫

তারিখ: ০১.১১.২০২২ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

২। চেয়ারম্যান, জানরক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মোবক/পাবক/বাস্থবক।

৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।

৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।

৫। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল/পাবনা/রংপুর/সিলেট।

৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।

৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।

১০। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১.১১.22

মো: আলাউদ্দিন
সহকারী সচিব(প্রশাসন-২)
ফোন নং-৫৫১০০৬৩৮